

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রাথমিক শিক্ষা অধিদপ্তর
শিক্ষণ বিভাগ
মিরপুর-২, ঢাকা-১২১৬
www.dpe.gov.bd


স্মারকসং: ওচ.১২৩.০২৫.০০.০০.৫৯.২০১৬. ০১৭/১১৮-০

তারিখ: ১৬ আষাঢ় ১৪২৩
৩০ জুন ২০১৬

বিষয়: বৈদেশিক বিশ্ববিদ্যালয়ে ০১ বছর মেয়াদি মাস্টার্স কোর্সে অংশগ্রহণের নিমিত্ত ইংরেজি ভাষায় দক্ষতার প্রমাণ হিসেবে IELTS এর সনদপত্র দাখিল প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ে আপনার আবেদনের প্রেক্ষিতে নির্দেশক্রমে জানানো যাচ্ছে যে, তৃতীয় প্রাথমিক শিক্ষা উন্নয়ন কর্মসূচি (পিইডিপি-৩) এর আওতায় ০১ (এক) বছর মেয়াদি মাস্টার্স কোর্সে অংশগ্রহণের নিমিত্ত সেপ্টেম্বর ২০১৬ - আগস্ট ২০১৭ সেশনে বৈদেশিক বিশ্ববিদ্যালয়ে ভর্তি হওয়ার উপযুক্ত প্রার্থীদের নিকট থেকে আবেদনপত্র আহ্বান করা হয়েছিল। দাখিলীয়া আবেদনপত্রসমূহ নির্ধারিত মাছাই কমিটি কর্তৃক ইতোমধ্যে প্রাথমিক বাছাই কার্যক্রম সম্পন্ন হয়েছে এবং গত ২৮ জুন ২০১৬ তারিখের সভার সিদ্ধান্ত মোতাবেক আগামী ৩১ জুলাই ২০১৬ তারিখের মধ্যে ইংরেজি ভাষায় দক্ষতার প্রমাণ হিসেবে IELTS এর সনদপত্র এর সত্যায়িত অনুলিপি জমা দেয়ার সিদ্ধান্ত গ্রহণ করা হয়েছে। উল্লেখ্য, বৈদেশিক বিশ্ববিদ্যালয়ে ভর্তির যোগ্যতা হিসাবে IELTS এর একটি নির্ধারিত Score এর আবশ্যকীয়তা রয়েছে। বিধায় আবেদনকারী সকল প্রার্থীকেই IELTS এর সনদ এর সত্যায়িত অনুলিপি জমা দিতে হবে।

২। বর্ধিত অবস্থায়, আগামী ৩১ জুলাই ২০১৬ তারিখের মধ্যে IELTS এর সনদপত্র এর সত্যায়িত অনুলিপি প্রশিক্ষণ বিভাগ, প্রাথমিক শিক্ষা অধিদপ্তরে জমা দেয়ার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।


ড. মো: মাহফুজুল ইসলাম
উপপরিচালক (শিক্ষণ)

প্রাপক

অনুলিপি:

- ১। সচিব, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ২। মহাপরিচালক, প্রাথমিক শিক্ষা অধিদপ্তর (মহাসচিবের সদয় অবগতির জন্য)।
- ৩। অতিরিক্ত মহাপরিচালক, প্রাথমিক শিক্ষা অধিদপ্তর (অতিরিক্ত মহাপরিচালক মহাসচিবের সদয় অবগতির জন্য)।
- ৪। সিস্টেম ম্যানেজার, আইএমডি, প্রাথমিক শিক্ষা অধিদপ্তর (ডিপিই ওরফেইটে বিজ্ঞপ্তিখান আপলোডের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধ সহ)
- ৫। জেলা প্রাথমিক শিক্ষা অফিসার.....(সকল)
- ৬। সুপারিনটেনডেন্ট, পিটিআই.....(সকল)
- ৭। উপজেলা শিক্ষা অফিসার.....(সকল)
- ৮। ইন্সট্রাক্টর, থানা/উপজেলা রিসোর্স সেন্টার.....(সকল)
- ৯। অফিস কপি।